

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৭৯

১/ বিবিধ

আরবী

احرموا أنفسكم طيب الطعام، فإنما قوي الشيطان أن يجري في العروق بها
موضوع

رواه أبو الحسن القزويني في " الأمالي " (مجموع 1 / 7 / 22) عن أزهر بن جميل
مولى بني هاشم، قال: حدثنا بزيع أبو الخليل الخفاف عن هشام بن عروة عن أبيه عن
عائشة مرفوعا. وكذا رواه ابن الزيات في " حديثه " (2 / 1) . قلت: وكتب بعض
الحفاظ على هامش نسخة " الأمالي ": " هذا حديث ضعيف واه وأورده ابن الجوزي
في " الموضوعات " وقال: المتهم به بزيع أبو الخليل، ووافقه السيوطي في " اللآلئ "
(2 / 320) ، ثم ابن عراق في " تنزيه الشريعة " (2 / 320) ولم يورده السيوطي في "
جامعيه " ، فأحسن، لأنه ظاهر البطلان لمخالفته القرآن

বাংলা

১৮৭৯। তোমরা তোমাদের নিজেদেরকে ভাল খাবার হতে বঞ্চিত কর। কারণ তা শয়তানকে তোমাদের রগে রগে
চলতে শক্তি যোগায়।

হাদীসটি বানোয়াট।

হাদীসটিকে আবুল হাসান কাযবীনী “আলআমলী” গ্রন্থে (২২/৭/১) বানু হাশেমের দাস আযহার ইবনু জামীল হতে,
তিনি বাযী আবুল খালীল খাফফাফ হতে, তিনি হিশাম ইবনু উরওয়াহ হতে, তিনি তার পিতা হতে, তিনি আয়েশা
(রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন। অনুরূপভাবে ইবনুয যাইয়্যাৎ তার “হাদীস” গ্রন্থে (১/২) বর্ণনা
করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাফেযগণের কেউ “আলআমলী” গ্রন্থের এক কপির টীকাতে লিখেছেনঃ এ হাদীসটি দুর্বল। হাদীসটিকে ইবনুল জাওয়ী “আলমাওয়ুয়াত” গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ এ হাদীসটির ব্যাপারে মিথ্যা বর্ণনা করার দোষে দোষী হচ্ছেন বাযী আবুল খালীল আর সুযুতী “আললাআলী” গ্রন্থে (২/৩২০, ২/২০৯) তার সাথে ঐকমত্য পোষণ করেছেন। অতঃপর ইবনু ইরাকও “তানযীহুশ শারীয়াহ” গ্রন্থে (২/২৪০) ঐকমত্য পোষণ করেছেন। সুযুতী হাদীসটিকে তার দু’জামে গ্রন্থে উল্লেখ না করে ভাল করেছেন। কারণ এটি কুরআনের বিরোধী হওয়ার কারণে সুস্পষ্টভাবে বাতিল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72762>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন